117

দৈনিক ইনকিলাব

তারিখ MAR. 1 6 1999
পৃষ্ঠা ৮ কলাম ৬

# ৩ মাসেও এবতেদায়ী মাদ্রাসার পাঠ্য বই বাজারজাত হয়নি ঃ ছাত্ররা মাদ্রাসা ছেড়ে স্কুলে চলে যাচ্ছে

ঝালকাঠি, ১৫ মার্চ (জেলা সংবাদদাতা) ঃ দীর্ঘ তিন মাস প্রয় অতিবাহিত হয়ে চলছে, মাদ্রাসার এবতেদায়ী শাখার পাঠ্যবই বাজারে এখনো সরবরাহ হয়নি। সম্পূর্ণ নতুন আঙ্গিকে মাদ্রাসা বোর্ড এ বছর এককভাবে এ পাঠ্য তালিকা প্রদান করেছেন সত্য, কিন্তু বই বাজারে এখনও মিলছে না। ছাত্র-ছাত্রীরা হতাশাগ্রস্ত হয়ে বাড়ী ফিরছে। আজ, কাল, এ সপ্তাহে এভাবে প্রতিদিনই শিক্ষকরা তাদের বই আসবে বলে ছাত্রদের বুঝ দিচ্ছেন। কিন্তু এ দীর্ঘ প্রায় তিন মাস অতিবাহিত হবার পরেও এবতেদায়ী শাখার বইয়ের কোন খোঁজ পাওয়া যাচ্ছে না। মাদ্রাসার ছাত্ররা এখন স্কুলে চলে যেতে আরম্ভ করেছে। এদিকে অভিভাবকরা যারা এ বছর নতুন তাদের ছেলে-মেয়েদের মাদ্রাসায় ভর্তি করেছেন তারাও বিপাকে পড়েছেন। মাদ্রাসা বোর্ড সার্কুলার দিয়েছে বোর্ডের নির্ধারিত পাঠ্যপুস্তক ব্যতীত অন্য কোন পুস্তক পাঠ্য তালিকাভুক্ত করলে মাদ্রাসার অনুমতি প্রত্যাহার এবং সরকারী অনুদান বন্ধের ব্যবস্থা নেয়া হবে। এ সার্কুলারের সময়ও প্রায় দেড় মাস হয়ে গেছে।